**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 20-06-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, প্রধানমন্ত্রীর বিকশিত ভারতের লক্ষ্য পূরন করতে রাজ্য সরকার আন্তরিকভাবে কাজ করছে ।**

**(২) রাজ্যের চা বাগানে কর্মরত শ্রমিকদের ন্যূনতম মজুরি বৃদ্ধি করা হয়েছে ।**

**(৩) প্রধানমন্ত্রী বলেছেন, ভারতের দ্রুত উন্নয়ন বিশ্বব্যাপী প্রশংসিত হচ্ছে ।**

**(৪) ঘরোয়া দ্বিতীয় ডিভিশন লিগ ফুটবলে আজকের খেলায় স্কাইলার্ক ক্লাব জয়লাভ করেছে ।**

*********************************************

**CM–Sabroom :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, প্রধানমন্ত্রীর বিকশিত ভারতের লক্ষ্য পূরন করতে রাজ্য সরকার আন্তরিকভাবে কাজ করছে। আজ সাব্রুমের নতুন টাউন হলে আয়োজিত অনুষ্ঠানে তিনি একথা বলেন। এই অনুষ্ঠান থেকে মুখ্যমন্ত্রী ভার্চুয়ালভাবে ৩২ কোটি টাকা ব্যয়ে দক্ষিন জেলার ১৯টি প্রকল্পের উদ্বোধন করেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী আরো বলেন, দেশে এখন অমৃতকাল চলছে। মানুষের উন্নতি সাধনই প্রধানমন্ত্রীর মূল উদ্দেশ্য। সর্বত্র স্বচ্ছতা বজায় রেখে উন্নয়নের কাজ চলছে।

# # # # # # # #Byte–CM# # # # # # #

অনুষ্ঠানে সমবায় মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া, দক্ষিণ জেলার জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত, জেলা শাসক মহম্মদ সাজ্জাদ পি প্রমুখ বক্তব্য রাখেন। মুখ্যমন্ত্রী অনুষ্ঠানে দুই জন প্রবীণ নাগরিককে আয়ুস্মান কার্ড এবং দুই জন নতুন ভোটারকে সচিত্র পরিচয়পত্র প্রদান করেন। শান্তিরবাজারে বিজেপি'র একটি সভাতেও তিনি বক্তব্য রাখেন।

**********************************

**Labour Minister :**

রাজ্যের চা বাগানে কর্মরত শ্রমিকদের দৈনিক ন্যূনতম মজুরি বৃদ্ধি করা হয়েছে। এক্ষেত্রে চা বাগানের প্রাপ্তবয়স্ক (পুরুষ ও মহিলা) শ্রমিকদের ন্যূনতম মজুরি ১৭৬ টাকা থেকে বাড়িয়ে ২০৪ টাকা এবং অপ্রাপ্ত বয়স্ক শ্রমিকদের মজুরি ৮৮ টাকা থেকে বৃদ্ধি করে ১০২ টাকা করা হয়েছে। চলতি অর্থবছরের এপ্রিল মাস থেকে এই বর্ধিত মজুরি কার্যকর হবে। আজ সচিবালয়ে সাংবাদিক সম্মেলনে শ্রমমন্ত্রী টিংকু রায় এ সংবাদ জানান। তিনি জানান, এর আগে ২০১৮ সালের জানুয়ারি মাসে চা বাগানের শ্রমিকদের মজুরি বৃদ্ধি করা হয়েছিলো।

সাংবাদিক সম্মেলনে শ্রমমন্ত্রী আরও জানান, বর্তমান রাজ্য সরকার ক্ষমতায় আসার পর রাজ্যের চা বাগানের শ্রমিকদের মৌলিক চাহিদাগুলি পূরণে নিরন্তর কাজ করছে। শ্রমিকদের বাসস্থান, পানীয়জল, শৌচালয়, বিদ্যুৎ ইত্যাদি সুবিধা প্রদান করা হচ্ছে। রাজ্যের চা বাগানগুলিতে কর্মরত ৬ হাজার ৫৮৫টি চা শ্রমিক পরিবারের মধ্যে ৩ হাজার ১৬৬টি চা শ্রমিক পরিবারকে জমির পাট্টা দেওয়া হয়েছে। চা বাগানে বসবাসকারী ৪৯২২টি চা শ্রমিক পরিবারকে ইতিমধ্যে প্রায়োরিটি গ্রুপ রেশন কার্ড দেওয়া হয়েছে। তাছাড়াও রাজ্যের সমস্ত চা বাগানে কর্মরত চা শ্রমিক পরিবারদের প্রধানমন্ত্রী আবাস যোজনার আওতায় আনা হচ্ছে। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন বিধায়ক স্বপ্না দাস পাল ও ত্রিপুরা চা উন্নয়ন নিগমের চেয়ারম্যান সমীর রঞ্জন ঘোষ।

*******************************

**International Yoga Day-State :**

সারা দেশের সঙ্গে আগামীকাল রাজ্যেও আন্তর্জাতিক যোগ দিবস উদযাপন করা হবে। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আগরতলার হাঁপানিয়াস্থিত আন্তর্জাতিক প্রদর্শনী হলে রাজ্যভিত্তিক অনুষ্ঠানের উদ্বোধন করবেন। রাজ্যভিত্তিক যোগ দিবস অনুষ্ঠানে ত্রিপুরা পুলিশ, বি.এস.এফ, সি.আর.পি.এফ, টি.এস.আর, এন.ওয়াই.কে.এস, এন.সি.সি, এন.এস.এস, বিভিন্ন বিদ্যালয়ের স্কাউটস এন্ড গাইডস, বিভিন্ন সমাজসেবী সংস্থা, যোগা সংস্থা, বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রী এবং বিভিন্ন দপ্তরের কর্মচারীগন অংশ গ্রহণ করবেন।

ভারত স্বাভিমান ট্রাস্ট, পতঞ্জলি যোগ সমিতি, মহিলা পতঞ্জলি যোগ সমিতি, পতঞ্জলি কিষান সেবা সমিতির উদ্যোগে আগামীকাল আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবন প্রাঙ্গনে আন্তর্জাতিক যোগ দিবস উদযাপন করা হবে।

*************************

**Bikash Debbarma :**

উপজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা গতকাল মুঙ্গিয়াকামি ব্লকের অধীনে আঠারোমুড়া পাহাড়ের পাদদেশের ৪৩ মাইলে ‘পাহাড়ের পাদদেশে জনতার স্বর : শীর্ষক এক ঘরোয়া সভায় গ্রামবাসীর সঙ্গে মত বিনিময় করেন। তিনি তাদের বিভিন্ন সমস্যা সম্পর্কে অবহিত হন এবং দ্রুত সুরাহার আশ্বাস দেন।

**************************

**Voice Over-International Yoga Day :**

#######JINGLE#######

আন্তর্জাতিক যোগ দিবস ২০২৫ -এক পৃথিবী এক স্বাস্থ্য -এই ভাবনার সঙ্গে সাযুজ্য রেখে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির আহ্বান, আরও সুস্থতার জন্য যোগ চর্চা হোক আমাদের জীবনের অঙ্গ। শুনুন একটি প্রতিবেদন।

########VC########

**************************

**Yoga Day :**

আন্তর্জাতিক যোগা দিবস উপলক্ষে আজ সকালে আগরতলার এগিয়ে চলো সংঙ্ঘ প্রাঙ্গন থেকে একটি বর্ণাঢ্য পদযাত্রার আয়োজন করা হয়। শিল্প ও বানিজ্য দপ্তরের মন্ত্রী শান্তনা চাকমা আগামীকাল ঊনকোটি জেলা ভিত্তিক যোগ দিবসের উদ্বোধন করবেন। উপস্থিত থাকবেন প্রাণীসম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস।

****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

***************************

**PM-Bihar visit :**

প্রধানমন্ত্রী বলেছেন, ভারতের দ্রুত উন্নয়ন বিশ্বব্যাপী প্রশংসিত হচ্ছে। ভারত বিশ্বের তৃতীয় বৃহত্তম অর্থনৈতিক শক্তির দিকে এগিয়ে যাচ্ছে এবং বিহার এতে বড় ভূমিকা পালন করবে। তিনি আজ বিহারের সিওয়ানে

এক জনসভায় ভাষণ দিতে গিয়ে একথা উল্লেখ করেন। এই অনুষ্ঠান থেকেই ভিডিও কনফারেন্সে তিনি বিহারের জন্য ৫,৯০০ কোটিরও বেশি টাকার বহুমুখী বিকাশ প্রকল্পের উদ্বোধন এবং শিলান্যাস করেন। জনসভায় প্রধানমন্ত্রী আরো বলেন, গত ১১ বছরে ২৫ কোটি মানুষ দারিদ্র্যকে জয় করেছে, যার মধ্যে ৩ কোটি ৭৫ লক্ষ মানুষই বিহারের। সমাজে পিছিয়ে পড়া মানুষের উন্নয়নে এন.ডি.এ সরকারের উদ্যোগ সম্পর্কেও প্রধানমন্ত্রী বিস্তারিত উল্লেখ করেন।

#######Byte-PM#######

**************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৯শে জুন, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১২৩তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা 'মন-কি-বাত'-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং নম: APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। ফোনলাইন এমাসের ২৭ তারিখ পর্যন্ত খোলা থাকবে। এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

*************************

**International Yoga Day-PM :**

আগামীকাল ১১তম আন্তর্জাতিক যোগ দিবস। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল বিশাখাপত্তনমে কেন্দ্রীয় সংস্কৃতি মন্ত্রক আয়োজিত যোগ দিবস অনুষ্ঠানের উদ্বোধন করবেন। পর্যটন ও সাংস্কৃতিক ঐতিহ্যপূর্ণ ১০০টি দ্রষ্টব্য স্থানেও আগামীকাল যোগ দিবস উদযাপনের আয়োজন করা হবে।

***************************

**MLA visited Laugang :**

বিধায়ক দীপংকর সেন আজ বিলোনিয়ার ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্ত লাউগাং ও সোনারটিলায় ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্ত এলাকা পরিদর্শন করেন। তিনি জানান এই দুটি এলাকায় মোট ৩৭টি বাড়ি, রাবার বাগান ও পোলট্রি ফার্মের ব্যাপক ক্ষতি হয়েছে। ক্ষতিগ্রস্ত পরিবারগুলিকে সরকারি সহায়তার জন্য তিনি জেলা শাসক ও মহকুমা শাসকের সঙ্গে কথা বলবেন বলে ক্ষতিগ্রস্থদের আশ্বাস দেন।

*************************

**Yoga-Assam Rifles :**

আন্তর্জাতিক যোগা দিবস উপলক্ষে আসাম রাইফেলস এর উদ্যোগে আজ রাধানগর, তেলিয়ামুড়া, বাগবাসায় যোগা শিবিরের আয়োজন করা হয়। শিবিরগুলিতে যোগার উপকারিতা সম্পর্কে সচেতন করা হয়েছে। ছাত্র-ছাত্রী শিশু এবং মহিলারা এতে অংশ নিয়েছে।

****************************

**Second Division :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া দ্বিতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার আজকের খেলায় স্কাইলার্ক ক্লাব জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে বিকালে অনুষ্ঠিত খেলায় স্কাইলার্ক ক্লাব ২-০ গোলে নবোদয় সংঘকে পরাজিত করে।

*************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সর্তকতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াসের

কাছাকাছি থাকতে পারে। আজ সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩২.২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫.৪ ডিগ্রি সেলসিয়াস।

************************